শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯-৬৯৮

তারিখ- ০৮ শ্রাবণ ১৪২৭ / ২৩ জুলাই ২০২০

বিষয়ঃ **স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পবিত্র ঈদ-উল-আযহা নামাজের জামায়াত আদায় সংক্রান্ত।**

সূত্র ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০-২২০, তারিখ-১৪/০৭/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ২০২০ সালের পবিত্র ঈদ-আযহা নামাজের জামায়ত আদায় সংক্রান্ত ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে জারীকৃত বিজ্ঞপ্তিটি অত্রসাথ প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩/৭/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী )
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জেলা প্রশাসক (সকল)
---------------------------------------জেলা।

অনুলিপিঃ

১. উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. যুগ্ম সচিব (ইউপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
৪) যুগ্ম-প্রধান
১) প্রশাসন
২) উপজেলা অধিশাখা
৩) উন্নয়ন
৪) নগর উন্নয়ন
৫) পাস
৬) আইন
ডাইরি নম্বরঃ
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

অতি জরুরি
ই-মেইল/বিশেষ বাহক মারফত

স্মারক নম্বর - ১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.২২০

তারিখ : ৩০ আষাঢ়, ১৪২৭
১৪ জুলাই, ২০২০

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পবিত্র ঈদ-উল-আযহা নামাজের জামায়াত আদায় প্রসঙ্গে।

বিশ্বব্যাপী করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে উন্মুক্ত স্থানে বড় পরিসরে ঈদের জামায়াত পরিহার করে জনস্বাস্থ্য বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশাবলি অনুসরণপূর্বক শর্তসাপেক্ষে ১৪৪১ হিজরি ২০২০ সালের পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজের জামায়াত খোলা মাঠ/ঈদগাহে আদায় না করে মসজিদে আদায় করা হয়। তারই ধারাবাহিকতায় কভিড-১৯ এর প্রাদুর্ভাব অপরিবর্তিত থাকায় আসন্ন ২০২০ (১৪৪১ হিজরী) খ্রিস্টাব্দের ঈদ-উল-আযহার নামাজ আদায় সংক্রান্ত বিষয় দেশের শীর্ষ স্থানীয় আলেম ওলেমাগণ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সাথে গত ১২ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ জুম ক্লাউড ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভার আয়োজন করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক জামাত অনুষ্ঠানের বিষয়ে জনস্বাস্থ্য বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থবিধি অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ১৪৪১ হিজরি ২০২০ সালের পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজের জামায়াত মসজিদে আদায়ের জন্য আহ্বান জানানো হলো:

ক. বর্তমানে সারা বিশ্বসহ আমাদের দেশে করোনা ভাইরাস পরিস্থিতিজনিত ওজরের কারণে মুসল্লীদের জীবন ঝুঁকি বিবেচনা করে এবছর ঈদ-উল-আযহা ২০২০ (১৪৪১ হিজরী) এর জামায়াত ঈদগাহ বা খোলা জায়গার পরিবর্তে নিকটস্থ মসজিদে আদায় করতে হবে। প্রয়োজনে একই মসজিদে একাধিক জামায়াত আদায় করা যাবে;

খ. ঈদের নামাজের জামায়াতের সময় মসজিদে কার্পেট বিছানো যাবে না। নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুনাশক দ্বারা পরিষ্কার করতে হবে। মুসল্লীগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসবেন;

গ. প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওযু করে মসজিদে আসতে হবে এবং ওযু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে;

ঘ. করোনা ভাইরাস সংক্রমণ রোধ নিশ্চিতকল্পে মসজিদে ওযুর স্থানে সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে;

ঙ. মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে;

চ. ঈদের নামাজের জামায়াতে আগত মুসল্লীকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না;

ছ. ঈদের নামাজ আদায়ের সময় কাতারে দাঁড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে দাঁড়াতে হবে এবং এক কাতার অন্তর অন্তর কাতার করতে হবে;

জ. শিশু, বৃদ্ধ, যে কোন ধরণের অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি ঈদের নামাজের জামায়াতে অংশগ্রহণ করবেন না;

ঝ. সর্বসাধারণের সুরক্ষার নিমিত্ত স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;

ঞ. করোনা ভাইরাস সংক্রমণ রোধ কল্পে মসজিদে জামায়াত শেষে কোলাকুলি এবং পরস্পর হাত মেলানো পরিহার করতে হবে;

ট. করোনা ভাইরাস মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য পবিত্র ঈদ-উল-আযহার নামাজ শেষে মহান রাব্বুল আলামিনের দরবারে দোয়া করার জন্য খতিব ও ইমামগণকে অনুরোধ করা হলো;

ঠ. খতিব, ইমাম, মসজিদ পরিচালনা কমিটি ও স্থানীয় প্রশাসনকে বিষয়গুলো বাস্তবায়ন নিশ্চিত করার অনুরোধ করা হলো; এবং

ড. পশু কোরবানীর ক্ষেত্রে মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।

ডায়েরি নং........
তারিখ........
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)
উপসচিব (প্রশাসন-১)

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর........ তারিখ........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

প্রশাসন-১/২জেপ/স ও কা
নম্বর........ তারিখ........
যুগ্মসচিব (প্রঃ)

২। প্রাণঘাতি করোনা ভাইরাস সংক্রমন রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, জনপ্রতিনিধিবৃন্দ, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটি উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৩.০৭.২০২০

(মো: সাখাওয়াৎ হোসেন)
উপসচিব (প্রশাসন)
ফোন: ৯৫৪০৫৮৯
e-mail: moragovbd@gmail.com

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. বিভাগীয় কমিশনার (সকল)
২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)
৩. উপ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ (সকল রেঞ্জ)
৪. জেলা প্রশাসক (সকল)
৫. পুলিশ সুপার (সকল)

স্মারক নম্বর - ১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.২২০

তারিখ : ৩০ আষাঢ়, ১৪২৭ / ১৪ জুলাই, ২০২০

অনুলিপি:সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো। (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, ..................................................... মন্ত্রণালয়/বিভাগ।
৫. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ।
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি সকল ইলেক্ট্রনিক ও প্রেস মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
১১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
১২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন।
১৫. পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
১৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয় ।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১. পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।

২২. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
২৩. অফিসার ইনচার্জ, সকল থানা। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
২৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৫. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়েরর ওয়েবসাইে ঁ প্রকাশের জন্য)
২৬. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

১৪.০৭.২০২০

মো: সাখাওয়াৎ হোসেন)
উপসচিব